ISO 9001:2015 Certified

# ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০২৪৭৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com,

ওয়েবসাইটঃ https://pbs.jhenaidah.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০০৮.২৪. ৪৩৬০

তারিখঃ ১৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** | ৩৩ (তেত্রিশ) টি (কম/বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬, সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র এবং বাপবিবোর্ডের সার্কুলার অনুযায়ী মূলবেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | ০১) **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর **(১৯/১২/২০২৪ খ্রিঃ তারিখে)**। সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br><br>০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>০৩) অন্যান্য যোগ্যতাঃ<br>ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহনে সক্ষম) হতে হবে।<br><br>খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br><br>গ) প্রার্থীর পাটিগণিতের মৌলিক বিষয়ে অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

### শর্তাবলীঃ

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ**

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (https//pbs.jhenaidah.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক প্রার্থী নিজ হাতে পূরণ করে আগামী **১৯/১২/২০২৪ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা হাতে হাতে বা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ পত্র/ প্রত্যয়ন পত্র" যা এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে এবং শেষ কর্মস্থলের সনদে সর্বশেষ বেতন উল্লেখ থাকতে হবে;
(চ) একাধিক পবিস-এ চাকুরী সম্পন্ন প্রার্থীগণকে অবশ্যই একাধিক পবিস এর চাকুরীর "অভিজ্ঞতা সনদ পত্র/ প্রত্যয়ন পত্র" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।
(ছ) আবেদন পত্রের সহিত দাখিলকৃত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক (নাম ও পদবী সম্বলিত সীলসহ) সত্যায়িত হতে হবে।

চলমান পাতা-০২

০৩। নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একই ভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯(নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

০৪। অন্যান্য শর্তাবলীঃ

(ক) আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ (বায়ান্ন) বৎসরের মধ্যে হতে হবে। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে **১০,০০০.০০ (দশ হাজার) টাকা** নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নিয়মানুযায়ী ফেরত দেওয়া হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্মতারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্নকারীগণকে অবশ্যই উক্ত সকল পবিসে চাকুরীর "অভিজ্ঞতা সনদ" সত্যায়ন পূর্বক দাখিল করতে হবে।

(গ) ইতোপূর্বে অত্র পবিস-এ মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঘ) অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(ঙ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/ চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(চ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। প্রতারণামূলকভাবে দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত অত্র সমিতিতে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

(ঝ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল করা হবে।

(ঞ) বাপবিবোর্ডের সর্বশেষ জারীকৃত সার্কুলার/নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ট) নিয়োগপ্রাপ্ত চুক্তিভিত্তিক মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্য বলবৎ থাকবে, যা কোন ক্রমেই নিয়মিত হবে না।

(ঠ) ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাগণের আবেদন করার প্রয়োজন নাই।

(ড) খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

(ঢ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

২৪/১১/২৪
( প্রকৌঃ মোহাম্মদ ওমর আলী )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ )**

০১) নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০৩) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------পবিস-১/২/৩/৪।
০৫) নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, ঝিনাইদহ ।
০৬) ডিজিএম, সদর-কারিগরী/ মহেশপুর/ শৈলকুপা/ কালীগঞ্জ/ হরিণাকুন্ডু জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
০৭) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর/ বারবাজার/ হাটফাজিলপুর/ ভৈরবা সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
০৮) এজিএম (অর্থ/প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস), ঝিনাইদহ পবিস।
০৯) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস। **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১০) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
১১) অফিস কপি।

২৪/১১/২৪
( প্রকৌঃ মোহাম্মদ ওমর আলী )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

ফরম নং- পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

ISO 9001:2015 Certified

## ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল প্যানেলভুক্তি/ নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০০৮.২৪.৪৩৬০; তারিখঃ ২৮/১১/২০২৪ খ্রিঃ

............................................
০২. আবেদনকৃত পদের নাম

............................................
০৩. পদের ধরণ
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

............................................
০৪. বিজ্ঞাপনের সূত্র/ পত্রিকার নাম

............................................
০৫. প্রকাশনার তারিখ ঃ

............................................
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

............................................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

............................................ ;
০৭. জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদ অনুযায়ী)

............................................
০৮. মাতার নাম

........../.........../..................(দিন/মাস/বছর)
০৯. বয়স (১৯/১২/২০২৪ খ্রিঃ তারিখে)

............................................
১০. পিতার নাম

............................................
১১. ধর্ম

............................................
১২. জাতীয়তা

............................................
১৩. নিজ জেলা

............................................
১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√)দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক(√ ) দিন) ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | | শারীরিক প্রতিবন্ধি ও তৃতীয় লিঙ্গ |

১৭. স্থায়ী ঠিকানা ঃ

| ............................ | ............................ | ............................ | ............................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/ সড়ক/ বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/ থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/ নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| ............................ | ............................ | ............................ | ............................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/ সড়ক/ বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/ থানা | ঘ. জেলা |

| ............................................ | ............................................ | ............................ |
|---|---|---|
| ১৯. পোষ্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডার নম্বর | ২০. পোষ্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডার এর মূল্য | ২১. ইস্যুর তারিখ |

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/ বিভাগ/ শ্রেণী | | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| ................ শ্রেণী | | | | |
| এসএসসি/ সমমান | | | | |
| এইচএসসি/ সমমান | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/ পেশা, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/ না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/ লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্ব-হস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/ পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

..................................
তারিখ

..................................
আবেদনকারীর স্বাক্ষর

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
বাড়ীতাইল, ঝিনাইদহ